

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা- ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪২২.১৮-

তারিখঃ

কার্তিক, ১৪২৫

নভেম্বর, ২০১৮

বিষয় : রীট পিটিশন নং ২৪০৬/২০১৭ সংক্রান্ত।

সূত্রঃ স্মারক নং ৩৮.০০৭.০০০০.০০৭.০০৫.২০১৮/২৮৭, তারিখঃ ০১.১১.২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার তাড়াশ উপজেলার বিনোদপুর কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক জনাব রাজিয়া সুলতানা সহ পাবনা ও নাটোর জেলার মোট ২৪ (চব্বিশ) জন শিক্ষক আত্মীকরণ/নিয়মিতকরণের দাবীতে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ২৪০৬/২০১৭ দায়ের করেন। রীট পিটিশনটিতে সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে ১নং, মহাপরিচালক, বাধ্যতামূলক, প্রাথমিক শিক্ষা রাস্তাবায়ন ও পরিবীক্ষন ইউনিটকে ৪নং, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ, পাবনা ও নাটোরকে ১২, ১৩ ও ১৪ নং রেসপনডেন্টসহ অন্যান্যদেরকে রেসপনডেন্ট করা হয়েছে। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে রেসপনডেন্ট করা হয়নি ফলে মহামান্য আদালত থেকে আরজির কোন কপি পাওয়া যায়নি। মহামান্য আদালত ২৫.০১.২০১৮ তারিখে সরকারের বিপক্ষে রায় প্রদান করেন (কপি সংযুক্ত)।

২। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিদ্যালয়-১ অধিশাখা হতে বিদ্যালয়গুলো জাতীয়করণ করা হয়েছে কিনা বা শিক্ষকগণ কি হিসেবে বিদ্যালয়ে কর্মরত আছে সে বিষয়ে তথ্য প্রেরণসহ রীট মামলায় সরকার পক্ষে আপীল করার জন্য নির্দেশনা প্রদান করেছেন (কপি সংযুক্ত)।

৩। বর্ণিত অবস্থায়, রীট পিটিশনটিতে উল্লেখিত বিদ্যালয়গুলো জাতীয়করণ করা হয়েছে কিনা বা শিক্ষকগণ কি হিসেবে বিদ্যালয়ে কর্মরত আছে সে বিষয়ে তথ্য প্রেরণসহ রীট পিটিশনটির রায়ের সার্টিফাইড কপি, আরজির কপি, দফাওয়ারী ইংরেজি জবাব এবং সরকার পক্ষের রেকর্ডপত্র ই-মেইল প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইন কোষে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মতে পাতা।

(মোঃ আব্দুল আলীম)

সহঃ পরিচালক (আইন)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

সিরাজগঞ্জ/পাবনা/নাটোর।

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪২২.১৮-

১২৬৫(৬)/১

তারিখঃ

কার্তিক, ১৪২৫
নভেম্বর, ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী। তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। অফিস নথি।

(মোঃ আব্দুল আলীম)

সহঃ পরিচালক (আইন)।